দৈনিক সংবাদ

তারিখ 18 NOV 1998
পৃষ্ঠা ? কলাম ?

# ছাত্রলীগের দুই গ্রুপ মুখোমুখি, ক্যাম্পাসে ফের গুলি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ছাত্রলীগের সশস্ত্র ক্যাডারদের দুই গ্রুপের দ্বন্দ্বের জের ধরে গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গুলি ফুটেছে।

ক্যাম্পাস ঃ পৃঃ ১১ কঃ ৬

## ক্যাম্পাস ঃ গুলি

( ১ম পৃষ্ঠার পর )

দুপুর সাড়ে ১২টার দিকে শামীম গ্রুপের ক্যাডার 'টোকাই' মিজান–ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজের কাছে এলে প্রতিপক্ষ রতন–তমি গ্রুপের ক্যাডাররা ৩ রাউন্ড গুলি ছোড়ে। 'টোকাই' মিজান জহুরুল হক হলে (অবৈধভাবে) থাকে। রতন–তমি গ্রুপের ক্যাডাররা মুহসীন হলে (অবৈধভাবে) থাকে।

রতন–তমি গ্রুপের ক্যাডাররা জহুরুল হক হল লক্ষ্য করে গুলি করে। এতে জহুরুল হক হলের ক্যাডাররা ক্ষিপ্ত হয়ে যায়।

শামীম গ্রুপের ক্যাডাররা দাবি করেছে 'টোকাই' মিজান–ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজে গেলে মুহসীন হলের ক্যাডাররা অকারণে তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে।

রতন–তমি গ্রুপের ক্যাডাররা অভিযোগ করেছেঃ টোকাই মিজানের সাথে ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল ও কলেজের একটি গ্রুপের দ্বন্দ্ব রয়েছে। গত রোববার টোকাই মিজানের ক্যাডাররা তাদের দুজনকে মারধর করেছে। ফলে টোকাই মিজান ওখানে যাওয়ায় ওখানকার ক্যাডাররা গুলি চালায়।